

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে অন্বচ্ছল ও মেধাবী কোটায় আবেদনকারী
শিক্ষার্থীগণ নিম্নোক্ত কাগজপত্র জমা প্রদান করবেন -

- ১। বার্ষিক আয় - সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্বাসিত প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির বেতন বিবরণী, ব্যাংক হিসাব বিবরণী ও পেনশন বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে। অন্যান্য শ্রমজীবি/নিম্ন আয়ের মানুষের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয় পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত উপযুক্ত প্রমাণ সংযুক্ত করতে হবে।
- ২। স্থাবর সম্পত্তি - স্থাবর সম্পত্তির মূল্যমানের প্রমানকের জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার ভূমির প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ৩। সামাজিক খাদ্য নিরাপত্তা কর্মসূচী - ভিজিডি, ভিজিএফ, টিসিবি কার্ডধারীকে অনুমোদিত কার্ড/তালিকার সত্যায়িত কপিসহ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে। টিসিবি কার্ডধারীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কমপক্ষে ৩ বছর পূর্বে ইস্যুকৃত কার্ড দাখিল করতে হবে।
- ৪। দূর্গম এলাকা - দূর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.৫১২.৩৫.০১১.১৭.৭৬ তারিখ: ১৯/০২/২০১৯ প্রজ্ঞাপনে নির্ধারিত দূর্গম এলাকার তালিকা অনলাইনে আবেদন ফরমের ড্রপডাউনে অন্তর্ভুক্ত করতে হবে।
- ৫। এতিম শিক্ষার্থী - এতিম শিক্ষার্থী প্রমানের জন্য স্থানীয় সমাজসেবা কার্যালয়ের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৬। বেতন ট্রেড - সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্বাসিত প্রতিষ্ঠান সমূহের জাতীয় বেতন ক্ষেত্রে ১৭-২০ এর বেতনভূক্ত কর্মচারীর সন্তান বা সমপর্যায়ের বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির বার্ষিক বেতন বিবরণী, ব্যাংক হিসাব বিবরণী ও পেনশন বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে।
- ৭। ক্ষুদ্র ব্যবসায়ী - ক্ষুদ্র ব্যবসার প্রমাণক হিসাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কমপক্ষে ৩ বছর পূর্বে ইস্যুকৃত এবং ধারাবাহিক ভাবে নবায়নকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- ৮। অনলাইন আবেদনের কপি।
- ৯। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- ১০। ভর্তি পরীক্ষার রেজাল্ট শীট।
- ১১। এসএসসি ও এইচ এসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
- ১২। এসএসসি ও এইচ এসসি পরীক্ষার সার্টিফিকেট/টেস্টিমোনিয়াল।
- ১৩। জন্ম সনদ।
- ১৪। পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র।

উপরোক্ত কাগজপত্রের ফটোকপি আগামী ২০/০৪/২০২৫ ইং তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেওয়ার জন্য বলা হইল।

অধ্যক্ষ
উত্তরা আধুনিক মেডিকেল কলেজ